NEWS FOR PUBLICATION

21.7.71

Bangla Desh Force attacked Pak army position in different parts of Comilla town and created panic there on July, 20. Pak Army was hit by morter firing when they were passing through Kandirpar. B.D.F. also Mortared Rajgonj Police Station and Circuite house area. Besides, the town, Comilla Cantonment was also attacked by them. During this massive attack the people of the town ran away and scattered themselves in sorounding villages. Pak Army suffered a heavy casualties and this operation made the Peoples' moral very high. Pak Army posted in different parts of the town lost their moral strength and fled from the town and took shelter in cantonment area.

Bangla Desh Force continued the fight in Koteshawr of Comilla and killed four Pak troops on July 18 and 6 on July 19. B.D.F. attacked Pak army position at Amratali on the south of Comilla and inflicted heavy casualties on July 19.

On the same day exchange of fire took place between B.D.F. and Pak army in area Shaldanadi where Pak troops suffered 26 casualties.

A Road Bridge near Raj Nagar of Comilla was demolished by B.D.F. on July 19.

Pak Troops guarding a Road bridge in area Kamalpur Sylhet was, attacked by the guerrillas of B.D.F. and all 9 Troops were killed on July 19.

On the same date one truck carrying Pak troops was destroyed by the explosion of an Anti-tank mine laid by B.D.F. at Chunarughat in the District of Sylhet. Occupants, reportedly suffered 35 casualties including one Officer is dead.

Guerrillas of B. D. F. attacked Pak army position at Nayanpur Railway Station, Comilla, and killed twenty soldiers on July, 20.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর

গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকার
( GOVT. OF THE PEOPLE REPUBLIC OF BANGLA DESH )

প্রকাশের জন্য সংবাদ
( NEWS FOR PUBLICATION )

চ বি জে আর্কাইভ নং 868(2)

তারিখ 16.7.71

Bangla Desh Force luanching massive attack on Pakistan Army in different sectors and sub-sectors within the district of Comilla. On July 12th a group of Bangla Desh Force showed valour and gallant in killing 60 and injuring near about one hundred in area Shaldanadi. On the same day, another group of B. D. F. killed 15 pak troops by Mortar firing at Rajapur. Other 5 pak soldiers were killed by B. D. F. in Koteshwar on July 14. The guerrilla unit of B.D.F. also made successful operation and killed 4 pak soldiers and 4 collaborator on July 14 at Mukandapur on the north of Akhaura.

Bangla Desh Force in a raid at Alinagar in Feni sector killed 8 pak troops on July 12.

In area Mirershawrai of Chittagong one vehicle was destroyed and 10 pak soldier were killed by Members fm of Bangla Desh Force on July 12.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর

12 BDF DESTROYED ONE SPEEDBOAT OF PAK 15.

MORTAR FIRING IN SALDANADI AND REPORTEDLY ~~KILLED 11 RPT~~ 11 SOLDIERS. BDF KILLED ~~ANOTHER 6 RPT~~ ANOTHER 6 PAK TROOPS ON THE ~~DAME RPT~~ SAMEDAY. ON JULY 13 PAK TROOPS CARRIED OUT HEAVY SHELLING IN AREA HARIHAR DULLA AND KATTAMARA WITH-IN INDIAN TERRITOY AND KILLED SIXTY CIVILIANS INCLUDING REFUGEES COING INSIDE INDIA. ~~SEVEN PAK TR~~

~~RPT PARA~~

SEVEN PAK TROOPS WERE KILLED BY BDF ACTIONS ~~ON JULY 11 RPT~~ ON JULY 11 AT FAKIRHAT RAILWAY STATION.$

BDF ATTACKED PAK FORCE POSITION AT ~~NAYANPUR RPT~~ NAYANPUR COMILLA ON 13-7-71 AND ~~KILLED 45 RPT~~ KILLED 45 PAK TROOPS AT DEAD OF NIGHT AND DESTROYED SEVEN BANKERS THERE. AND A Good NUMBER OF SOLDIERS ALSO INJURED.

AN EYE WITNESS WHO ARRIVED AGARTALA YESTERDAY DESCRIBED THAT SHE HADSEENSOME DEAD BODIES AND INJURED BEING FLOWN BY ARMY HELICOPTERS .

BDF GUERILLA UNIT THREW ~~HE RPT~~ HANDBOMBS AT A WGON LOADED WITH COMBUSTABLE MATERIAL FOR AARMY'S USE AT KAMALAPUR RAILWAY STATION IN DACCA, AS A RESULT THE WAGON CAUSED HEAVY DAMAGED.

SEVEN PAK TROOPS WITH ONE ~~J C O RPT~~ J C O WERE KILLED BY VILLAGERS AT ~~ZAFARGANJ RPT~~ ZAFARGANJ COMILLA, WHEN ~~BDF RPT~~ BDF ATTACKED ~~A~~ PAK ~~A RPT~~ POSITION.

IN THAT AREA,. ~~THE ABOUT~~ PAK TROOPS ESCAPED AND TOOK SHELTER IN A MOSQUE NEAR BY, BUT THE LOCAL VILLAGERS NUMBERING ABOUT ~~1,000SRPT~~ 1,000 SURROUNDED THE MOSQUE WHEN THE ENEMY STARTED FIRING WHERE THREE CIVILIANS WERE KILLED. BUT LATER, THE SOLDIERS SURRENDERED TO THE VILLAGERS AND THE MOULANA ANNOUNCED DEATH SENTENCE ~~A RDT~~ ~~TE~~ THEM ACCORDING TO ~~RPT~~ THE TAW OF QURAN AND SUNNA FOR CAUSING ~~GENO RPT~~ GENEOCIDE.

চরিজা আর্কাইভস্ 
৪৬২

বাংলা দেশ
তথ্য দফতর
পূর্বাঞ্চল

১৩ই জুলাই ১৯৭১

# চট্টগ্রাম রণাঙ্গনে বাংলাদেশ বাহিনীর সাফল্যজনক অভিযান অব্যাহত

## ঢাকা - চট্টগ্রাম সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন

গত ১১ই জুলাই চট্টগ্রাম জেলার শুভপুর এলাকায় বাংলাদেশ বাহিনীর একটি দল পাক-বাহিনীর উপর মর্টার আক্রমণ চালায়। এই আক্রমণে হানাদার বাহিনীর সৈন্য বোঝাই একটি পাবলিক ট্রাক সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে। উক্ত এলাকায় বাংলা দেশ বাহিনী ঢাকা-চট্টগ্রাম সড়ক পথে গুরুত্বপূর্ণ স্থানগুলি নিজেদের কর্তৃত্বাধীনে নিয়ে এসেছেন। প্রসঙ্গত উল্লেখ যোগ্য যে বাংলাদেশ বাহিনী পূর্বেই ঢাকা-চট্টগ্রাম সড়কে ফেনী নদীর উপর অবস্থিত শুভপুরের পুলটি ধ্বংস করে দিয়েছিলেন। আমাদের চট্টগ্রামস্থ প্রতিনিধি জানাচ্ছেন ঢাকা-চট্টগ্রাম সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। রেল-যোগাযোগ ও বিচ্ছিন্ন। এ-ছাড়া চট্টগ্রামের অভ্যন্তরে ও বাংলাদেশ বাহিনীর রাজনৈতিক স্কোয়াড এবং গেরিলা ইউনিট খুবই তৎপর রয়েছেন। গেরিলা ইউনিট সম্প্রতি কক্সবাজার এলাকায় জোর তৎপরতা চালিয়ে ১৫০ জন পাক-সৈন্য নিহত করেছে।

## ঢাকা শহরে গেরিলা তৎপরতা

বাংলা দেশ বাহিনীর গেরিলা ইউনিট ঢাকায় আমেরিকান কনসুলেট, চীনা কনসুলেট ভবন, ও গুলিস্তান সিনেমা হলে হাত বোমা নিক্ষেপ করেছে। ঢাকার একটি পোষ্ট অফিস ভবনে হাতবোমা নিক্ষেপ করে ১ জনকে নিহত এবং দু'জনকে সাংঘাতিকভাবে আহত করেছে। আমাদের ঢাকাস্থ প্রতিনিধি জানাচ্ছেন গেরিলা আক্রমণের ফলে আমেরিকান কনসুলেট ভবন ও গুলিস্তান হলের মারাত্মক ক্ষতি সাধিত হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর

# কুমিল্লা ও সিলেট সেক্টরে
# পাক-বাহিনী নাজেহাল

বাংলা দেশ সেনা বাহিনীর বিজয়াভিযান অব্যা
কুমিল্লা জিলার চৌদ্দগ্রাম এলাকায় বাংলাদেশ বাহিনীর গুপ্ত আক্রমণে পাক-বাহিনীর একটি গাড়ী বিধ্বস্ত হয়েছে এ গুপ্ত আক্রমণে ৩০ জন পাক-সৈন্য নিহত, ৬ জন আহত হয়েছে। গত ১২ই জুলাই আলদানদী এলাকায় বাংলা দেশ সেনাবাহিনীর সাথে হানাদার বাহিনীর তীব্র সংঘর্ষ অনুষ্ঠিত হয়। এতে হানাদার বাহিনীর ৫০ জন নিহত ও প্রায় শতাধিক আহত হয়। একই দিনে বাংলা দেশ বাহিনী দেবীপুরে পাক বাহিনীর একটি টহলদারী দলের উপর আক্রমণ চালিয়ে ৭ জনকে হত্যা করেছেন।

গত ১১ই জুলাই বাংলাদেশ বাহিনীর মর্টার আক্রমণের সিলেট জিলার নয়াপাড়ায় দুজন পাক-সৈন্য নিহত এবং সাতজন আহত হয়েছে। সম্প্রতি বালুচর এলাকায় বাংলা দেশ বাহিনীর গুপ্ত আক্রমণে ১১ জন পাক-সেনা নিহত হয়েছে।

## খুনী ভুট্টোর খুনী কথা !

বাংলা দেশে সামরিক অত্যাচারের নায়ক ইয়াহিয়ার খুনি পরামর্শ দাতা জেড-এ-ভুট্টো সম্প্রতি তেহরানস্থ কোন এক সংবাদ পত্রের প্রতিনিধিকে বলেছেন; বাংলা দেশের বর্তমান অবস্থার রাজনৈতিক সমাধান করতেই হবে। এবং এ ব্যাপারে বাংলা দেশের সংখ্যা গরিষ্ঠ দল আওয়ামীলীগকে তার যোগ্য ভূমিকা পালন করতে দিতে হবে। এটি যত শীঘ্র হয় ততই মঙ্গল। ভুট্টোর এ সাক্ষাৎকার বি. বি. সি থেকে প্রচারিত হয়েছে।

উল্লেখ যোগ্য যে, ভুট্টোর রাজনৈতিক হঠকারিতার জন্যই বাংলা দেশের বুকে এই নৃশংসতাময় হত্যা কান্ডের সূত্রপাত হয়েছে।

বাংলা দেশ
তথ্য দফতর
পূর্বাঞ্চল
কতৃক প্রচারিত।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর

মুক্তিযুদ্ধ আর্কাইভস
৪৬৭

বাংলাদেশ
তথ্য ব্যুরো
নিউজ বুলেটিন

## কুমিল্লা সেক্টরে বাংলাদেশ বাহিনীর সাফল্যজনক অভিযান অব্যাহত

গত ১০ই জুলাই কুমিল্লার শালদানদী এলাকায় পাক সৈন্যদের একটি স্পীড বোটে আক্রমণ চালিয়ে বাংলাদেশ বাহিনী ৪ জন পাকিস্তানী অফিসার ও ৮ জন সৈন্য হত্যা করেছেন। বাংলাদেশ সেনাবাহিনীর তরুণেরা যখন নিহত অফিসারদের মৃতদেহ টেনে নিয়ে আসছিল তখন পাক বাহিনীর আর একটি দল পেছনদিক থেকে ভারী কামানের গোলা নিক্ষেপ শুরু করে ফলে বাংলাদেশ বাহিনীর তরুণেরা মৃতদেহগুলি ফেলে পেছনে সরে আসতে বাধ্য হন। অবশ্য পেছনে সরে আসার সময় তারা নিহত পাক সামরিক অফিসারদের পোশাক পাক সৈন্যদের একটি রেডিও সেট, ৩টি রাইফেল ও একটি স্টেনগান ও অন্যান্য সামরিক সরঞ্জাম ছিনিয়ে নিয়ে আসেন।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, বাংলাদেশ বাহিনী গত ৯ই জুলাই উক্ত শালদানদী এলাকায় আক্রমণ চালিয়ে ৩০ জন পাক সৈন্য নিহত করেছেন। একই দিনে কোটেশ্বর এলাকায় ও ৩০ জন পাক সৈন্য বাংলা দেশ বাহিনীর হাতে নিহত হয়েছে।

## নারায়নগঞ্জে গেরিলা হামলা
## ডক-ইয়ার্ড বিধ্বস্ত

—০—

বাংলা দেশ সেনা বাহিনীর গেরিলা ইউনিট বাংলা দেশের বিভিন্ন দখলকৃত এলাকায় জোর তৎপরতা শুরু করেছে। সম্প্রতি নারায়নগঞ্জে পাক-বে-কোম্পানীর ডক-ইয়ার্ডে রক্ষিত প্রায় দুই শতাধিক স্পীড বোট গেরিলা বাহিনী বিস্ফোরক দ্রব্য দিয়ে সম্পূর্ণরূপে বিধ্বস্ত করে দিয়েছেন। সারা রাত-ধরে অগ্নিকান্ডের ফলে ডক-ইয়ার্ডটি সম্পূর্ণরূপে ভস্মীভূত হয়েছে।

আমাদের চট্টগ্রামস্থ প্রতিনিধি জানিয়েছেন, গেরিলা ইউনিট গ্রামের বিভিন্ন অঞ্চলে খুবই তৎপর রয়েছেন। সম্প্রতি [illegible] চট্টগ্রামের রাউজান থানায় দু'জন কুখ্যাত গুন্ডাকে গেরিলা বাহিনী হত্যা করেছেন। এরা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর

কুখ্যাত ফজলুল কাদের চৌধুরীর বিশ্বস্ত অনুচর ছিল এদের একজন হচ্ছে ফয়েজ আহম্মদ অপর জনের নাম সেদু মিয়া। গেরিলা বাহিনী ফজলুল কাদের এবং তার পরিবারের অন্যান্যদের কাছে কিছু কাফনের কাপড় ও দাফনের সাজ-সরঞ্জাম পাঠিয়ে দিয়েছেন।

আমাদের ঢাকাস্থ প্রতিনিধি জানাচ্ছেন ঢাকা শহরের কয়েকটি বিদ্যুৎ সরবরাহ টাওয়ার গেরিলা বাহিনী উড়িয়ে দেওয়ার ফলে গত ৭ই জুলাই রাত্রে ঢাকা শহর সম্পূর্ণ নিষ্প্রদীপ ছিল। এর পর থেকে কড়া সামরিক প্রহরায় একটি জেনারেটরের মাধ্যমে আংশিক বিদ্যুৎ সরবরাহ চালু করা হয়েছে।

## কফিন বিক্রেতার কফিন

পাকিস্তান সেনা বাহিনী ঢাকার মীরপুরের নিকটবর্ত্তী দার-উস-সালাম নামক স্থানে এক ফার্নিচার বিক্রেতার নিকট কাঠের কফিন সরবরাহের অর্ডার দিয়েছিলো। বাংলা দেশে বাহিনীর আক্রমণে নিহত পাক-সেনাবাহিনীর উর্দ্ধতন পশ্চিমা অফিসারদের উক্ত কফিনে করে বিমান যোগে পশ্চিম পাকিস্তান প্রেরণ করা হয়। সম্প্রতি উক্ত কফিন বিক্রেতার মৃতদেহও কফিনে করে তার গ্রামের বাড়ীতে পাঠানো হয়েছে। উক্ত কফিন বিক্রেতা কুমিল্লা জেলার মতলব থানার আবদুস সোবহান প্রায় দুই হাজার কফিন পাক-বাহিনীকে সরবরাহ করার পর বিলের টাকা পাওয়ার আশায় ক্যান্টনম্যান্টে গিয়েছিল, কিন্তু হানাদার দস্যুরা বিলের টাকার পরিবর্তে রিভলভারের গুলি দিয়েই তার জীবনের প্রাপ্য মিটিয়ে দেয়। সারাদিন-সারারাত্র পার হবার পরও তাকে ক্যান্টনম্যান্ট থেকে ফিরতে না দেখে তার দোকানের ম্যানেজার খালেক হোসেন অপর দু'জন কর্মচারী সহ সেনানিবাসে তাকে খুঁজতে গেলে সেখানে তার মৃতদেহ পায়। উক্ত ঘটনার পর তার ২২ বৎসর বয়স্ক ছোট ভাই আবদুর রহমান মুক্তি ফৌজ শিবিরে এসে উক্ত ঘটনা বর্ণনা করে।

(০)

বাংলা দেশ তথ্য ব্যুরো কর্তৃক প্রচারিত।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর